# জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

09ই সেপ্টেম্বর, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৯ই সেপ্টেম্বর, ২০২৩ এ নয়াদিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে জাপানের মাননীয় প্রধানমন্ত্রী মিঃ ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন।

২. বৈঠকে নেতৃবৃন্দ তাদের নিজ নিজ জি-২০ ও জি-৭ প্রেসিডেন্সির অগ্রাধিকার, বিশেষ করে গ্লোবাল সাউথের উদ্বেগ ও আকাঙ্ক্ষাকে সামনে আনার ক্ষেত্রে দুই দেশের মধ্যে সারা বছর ধরে গঠনমূলক সংলাপের কথা স্বীকার করেন।

৩. পরিকাঠামো উন্নয়ন, প্রযুক্তিগত সহযোগিতা, বিনিয়োগ ও জ্বালানি সহ ভারত-জাপান দ্বিপাক্ষিক অংশীদারিত্বের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন নেতারা।

৪. উভয় নেতাই ভারত-জাপান বিশেষ কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্বকে আরও গভীর করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

**নয়া দিল্লি**
**09ই সেপ্টেম্বর, 2023**